সূত্র : নিক/২৪
তারিখ : অক্টোবর ২৯, ২০২৫

আগামী ২৯ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের সম্মানিত ভোটারবৃন্দ, নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীগন,

আসসালামুআলাইকুম ও আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা

নির্বাচন কমিশন, ঘোষিত তফসিল অনুযায়ী নির্বাচনী কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছে। ইতিমধ্যে আমরা আপনাদের সকলের সহযোগিতায় একটি উল্লেখযোগ্য কার্যক্রম শেষ করেছি ।

ক. নির্বাচন কমিশন অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছে যে, নির্বাচন কমিশনের ষষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনের Physical ভোট কেন্দ্র শুধুমাত্র কুমিল্লা জিলা স্কুল প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে ইনশাআল্লাহ। এছাড়াও পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে যে কোন ভোটার ইন্টারনেট সংযুক্ত কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব বা স্মার্ট মোবাইল ফোনের সাহায্যে ডিজিটাল ব্যালটের মাধ্যমে নিজের ভোট প্রদান করিতে পারিবেন ।

খ. সকল ক্ষেত্রেই নির্বাচন কমিশনে নিবন্ধনকৃত মোবাইল ফোন (সদস্য হওয়ার সময় যে মোবাইল নম্বরটি দেয়া হয়েছিল) নিয়ে আসতে হবে । ভোট দেয়ার প্রারম্ভে উক্ত মোবাইল ফোনে ইলেকশন পোর্টাল থেকে স্বয়ংক্রিয়ভাবে একটি OTP বা One Time Password পাঠানো হবে । OTP টি সঠিক হলে আপনি ভোট দেওয়ার জন্য পোর্টাল থেকে Digital Ballot ডাউনলোড হবে । আপনি আপনার পছন্দের প্রার্থীকে ভোট দেবেন, প্রতি পদের সংখ্যার সমান ভোট প্রদান করতে হবে (কম বা বেশি প্রদানের কোন সুযোগ থাকবে না) ।

গ. যাদের নিবন্ধনকৃত টেলিফোন নম্বর বাংলাদেশের নয় (মানে Country Code +88 নয়) তাঁদের নিবন্ধনকৃত Email Address এ OTP পাঠানো হবে । এছাড়াও যদি কোন ভোটারের বাংলাদেশের মোবাইল নম্বর কিন্তু তিনি ভোটের দিন মানে ২৯ নভেম্বর ২০২৫ তারিখে দেশের বাইরে থাকবেন তিনি ইচ্ছা করলে নির্বাচন কমিশনকে আগাম নোটিশ দিয়ে Email Address এ OTP পাঠানোর জন্য জানাতে পারেন ।

ঘ. ভোট প্রদান সম্পূর্ণ হলে আপনাকে পোর্টাল থেকে ধন্যবাদ জানানো হবে এবং আপনার ছবি (যদি নির্বাচন কমিশনের কাছে জমা থাকে) ও অন্যান্য তথ্য নির্বাচন Website এবং স্কুল মাঠে বড় পর্দায় প্রদর্শিত হবে ।

ঙ. নির্বাচন কমিশন ৫ টি WhatsApp Group এবং ৩ টি Gmail Account এর মাধ্যমে সকল ভোটারের কাছে পৌঁছানোর প্রচেষ্টা অব্যাহত রেখেছে । অনেক ভোটার স্বেচ্ছায় WhatsApp Group থেকে নিজেকে প্রত্যাহার করেছেন । এছাড়াও অনেকে Smart Phone নয় এমন ফোন ব্যবহার করছেন, যাতে WhatsApp সাপোর্ট করছে না । আবার অনেকে Social Media পরিহার করার জন্য Smart Phone ব্যবহার করেন না । এছাড়াও কেউ কেউ তাঁদের WhatsApp এ প্রবেশ Restricted করে রেখেছেন ।

চ. নির্বাচনে সকল প্রার্থী যেন প্রচারে সমান সুযোগ পান সেই জন্য নির্বাচন কমিশন উপরোক্ত ৫ টি WhatsApp গ্রুপে শুধুমাত্র প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের জন্য আগামী ৯ নভেম্বর ২০২৫ থেকে উন্মুক্ত করে দিবেন । তবে অতিরিক্ত প্রচার ভোটারদের যেন বিরক্তির কারণ না হয়ে দাঁড়ায় সেই জন্য নির্বাচন কমিশন প্রার্থীদের সাথে আলাপ আলোচনা করে একটি নীতিমালা প্রস্তুত করবেন ।

আমাদের নিজেদের মধ্যে যেন কোন অবস্থাতেই বন্ধুত্ব এবং ভ্রাতৃত্বোবোধে কোনো নেতিবাচক প্রভাব না পড়ে সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে ।

সবার জন্য শুভকামনা ও শুভেচ্ছা রইলো

একেএম কামরুল ইসলাম এফসিএ
প্রধান নির্বাচন কমিশনার
নির্বাচন কমিশন
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশন